

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 19 1999 ...

পৃষ্ঠা ৪ কলাম ৩

৩৫

একটি উপেক্ষিত সরকারী
বিদ্যালয়

জামালপুর জেলার বকশীগঞ্জ থানাধীন উলফাতুলেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়টি ১৯৬৩ সনে প্রতিষ্ঠিত এবং ১৯৮৭ সনে জাতীয়করণকৃত। দুঃখের বিষয় যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অদ্যাবধি এই বিদ্যালয়ে কোন সিলেবাস প্রেরণ করে নাই। ফলে শ্রেণীকক্ষের পাঠদান কার্য স্বভাবতই ব্যাহত হয়। তাহার উপর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক অত্র বিদ্যালয়ে কখনও মাধ্যমিক পরীক্ষার পরীক্ষক নিয়োগের কোন কাগজপত্র প্রেরণ করা হয় না। ফলে এই বিদ্যালয় হইতে কোন শিক্ষক, পরীক্ষক নিয়োগের জন্য আবেদন করিতে পারেন না এবং পরীক্ষকও নিযুক্ত হইতে পারেন না। তাহাছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এই বিদ্যালয়ে অনেক জরুরী কাগজপত্র প্রেরণ করেন না। ফলে বিদ্যালয়ের প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রমে অনিয়ম ঘটে। উল্লেখিত বিষয়গুলির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

প্রণব কুমার দেব,
সহকারী শিক্ষক,

উলফাতুলেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়,
বকশীগঞ্জ, জামালপুর।

PLASTICS

SHEET

OF

SHEETS